বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন

তারিখঃ ৩১.০৫.২০২০খ্রি.।

চিনিশিল্প ভবন,৩ দিলকুশা বা/এ,ঢাকা-১০০০।

মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত প্রতিশ্রুতি/নির্দেশনাসমূহের বাস্তবায়ন অগ্রগতি।

ক্র. নং	প্রদত্ত নির্দেশনা	নির্দেশনা প্রদানের সময়	ধরণ	বাস্তবায়ন অগ্রগতি
০৩.	নতুন শিল্প কারখানায় বর্জ্য শোধনাগার Central Effluent Treatment Plant (CETP) থাকতে হবে এবং পুরাতনকারখানায় মালিকদের ইটিপি তৈরিতে বাধ্য করতে হবে। প্রয়োজনে সরকারী কেন্দ্রীয় CETP তৈরি করে শিল্প মালিকদেরসংশ্লিষ্ট ব্যয়ওফি প্রদান করতে হবে।	২৪-০৮-২০১৪ খ্রি.	নির্দেশনা	➢ প্রকল্পের প্রজেক্ট ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ডিজাইন কাজের জন্য পরামর্শক প্রতিষ্ঠান BRTC, BUET ১২ এপ্রিল ২০১৯ তারিখে প্রকল্পের ২টি সাইট পরিদর্শনের পর Design প্রদান করেন। তদানুযায়ী সংস্থার সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের মাধ্যমে পূর্ত কাজের Design ও Estimate করা হয়। ➢ সংস্থার একটি কমিটির মাধ্যমে প্রকল্পের সাইট নির্বাচন করার পর প্রকল্পের কার্যক্রম শুরু করা হয়। প্রকল্পের আওতায় গঠিত স্টিয়ারিং কমিটির গত ১৫/০৪/২০১৯ তারিখের সিদ্ধান্ত মোতাবেক সংশ্লিষ্ট মিলগুলোতে প্রস্তাবিত ETP'র সাইট অফিস ও ভূমি উন্নয়ন কাজ সম্পন্ন করা হয়। পুনরায় স্টিয়ারিং কমিটির ০৮/০৮/২০১৯ তারিখের সিদ্ধান্ত মোতাবেক ETP প্রকল্পের মূল টেন্ডার কার্যক্রম নেওয়া হয়। পরবর্তীতে ১৩/১০/২০১৯ তারিখে টেন্ডার গ্রহণ করা হয়। ১৪টি চিনিকলে ইটিপি স্থাপনে ১৬/০২/২০২০ তারিখে Contract Agreement করা হয়। বর্তমানে ১৪টি চিনিকলে ETP'র নির্মাণ কাজ শুরুর প্রাথমিক পর্যায়ে মাটি কাটার কাজ ১০০% সম্পন্ন হয়েছে। ঠিকাদার কর্তৃক নির্মাণ সামগ্রী (বিশেষ করে, রড ও পাথর) ডাম্পিং করা হচ্ছে। বিশ্বব্যাপি করোনা ভাইরাস মহামারীর কারণে সৃষ্ট পরিস্থিতিতে দেশে সামাজিক দূরত্ব বজায় রাখা এবং পরিবহন ব্যবস্থা বন্ধ থাকায় প্রকল্পের কাজে বিঘ্ন হয়েছে। দেশে লকডাউন বিরাজমান থাকায় ৩০ দিন কাজ বন্ধ থাকার পর পুনরায় প্রকল্পের কাজ শুরু হয়েছে। ইতোমধ্যে প্রকল্পের ১০% কাজ সম্পন্ন হয়েছে। আশা করা যায় নির্দিষ্ট সময়ের মধ্য কাজ শেষ হবে। তবে পঞ্চগড় সুগার মিলস লিঃ, ঠাকুরগাঁও সুগার মিলস লিঃ, সেতাবগঞ্জ সুগার মিলস লিঃ, জয়পুরহাট সুগার মিলস লিঃ এ Equalization tank এর Base casting সমাপ্ত হয়েছে, Shear wall casting এর কাজ চলছে। আরও ৪টি মিলের জন্য মালামাল মজুত আছে। পর্যায়ক্রমে অবশিষ্ট মিলগুলোতে প্রকল্পের কাজ শুরু হবে। ➢ ২০১৯-২০ অর্থবছরের মে ২০২০ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক ব্যয় ২৪০.০০ লক্ষ টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ২.৮২% ও ভৌত অগ্রগতি ১০.০০%।
০৮.	রাষ্ট্রায়াত্ব শিল্প প্রতিষ্ঠানের অব্যবহৃত জমি বন্ধ ও বন্ধ প্রায় শিল্প প্রতিষ্ঠানের জমি দেশি-বিদেশি বিনিয়োগের জন্য উপযোগী করে বিনিয়োগের নিমিত্ত শিল্প পার্ক তৈরি করতে হবে।	২৪-০৮-২০১৪ খ্রি.	নির্দেশনা	➢ বিএসএফআইসি'র অধীন মিল প্রতিষ্ঠানে কোন অব্যবহৃত জমি নেই। এছাড়া সংস্থার কোন বন্ধ/ বন্ধ প্রায় মিল প্রতিষ্ঠানও নেই।
১০.	শিল্প মন্ত্রণালয়ের দপ্তর/সংস্থায় মেধাবী কর্মকর্তাদের নিয়োজিত রাখার উদ্দেশ্যে বিদ্যমান পৃথক বেতন কাঠামোর উদ্যোগ গ্রহণ এবং আয়ের একটি অংশ কর্মকর্তা/কর্মচারীদের প্রণোদনা হিসেবে প্রদান করা যেতে পারে।	২৪-০৮-২০১৪ খ্রি	নির্দেশনা	➢ দপ্তর/ সংস্থায় মেধাবী কর্মকর্তাদের নিয়োজিত রাখার উদ্দেশ্যে বিদ্যমান পৃথক বেতন কাঠামোর উদ্যোগ গ্রহণ এবং আয়ের একটি অংশ কর্মকর্তা/ কর্মচারীদের প্রণোদনা হিসেবে প্রদানের বিষয়ে কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য সংস্থার মানব সম্পদ বিভাগে পত্র দিয়ে শিল্প মন্ত্রণালয়ের নির্দেশনা জানানো হয়েছে।
১১.	শিল্প পণ্যের আন্তর্জাতিক বাজারের রপ্তানী বৃদ্ধি নিশ্চিত করার জন্য গবেষণা ও উন্নয়ন এবং বাজারজাতকরণে গুরুত্ব দিতে হবে।	২৪-০৮-২০১৪ খ্রি.	নির্দেশনা	➢ কেরু অ্যান্ড কোং (বিডি) লি. প্রতিষ্ঠানটির ডিষ্টিলারী ইউনিটের পণ্যের আহরণ হার হ্রাস পাওয়ার কারণ খতিয়ে দেখা এবং উৎপাদিত ফরেন লিকার আন্তর্জাতিক মানে উন্নয়ন করে রপ্তানির লক্ষ্যে গবেষণা কার্যক্রমের জন্য শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড পলিমার সায়েন্স বিভাগের অধ্যাপক জনাব ড. আবু ইউসুফ এর সাথে যোগাযোগ করা হয়। তিনি একটি প্রোজেক্ট প্রপোজাল ২৩ অক্টোবর ২০১৮ তারিখে কেরু অ্যান্ড কোং(বিডি) লি. এর ব্যবস্থাপনা পরিচালক বরাবর প্রেরণ করেন। ➢ প্রোজেক্ট প্রপোজালটি অত্র করপোরেশনের ০৬-০২-২০১৯ তারিখে ২৪০০ তম বোর্ড সভায় উপস্থাপন পূর্বক ১২.৮০ লক্ষ টাকা অনুমোদন প্রদান করা হয়। এ বিষয়ে অধ্যাপক মহোদয়ের সাথে গত ০১-০৮-২০১৯ তারিখে

ক্র. নং	প্রদত্ত নির্দেশনা	নির্দেশনা প্রদানের সময়	ধরণ	বাস্তবায়ন অগ্রগতি
				চুক্তিপত্র স্বাক্ষরিত হয়েছে। চুক্তিপত্র অনুযায়ী গবেষণা কাজ চলছে যাতে সম্ভাব্য ০১ (এক) বছর সময় প্রয়োজন হবে। এ বিষয়ে গবেষণা কাজের অগ্রগতি জানানোর জন্য অনুরোধ করা হলে ২০/০১/২০২০ তারিখ গবেষণা কাজের কিছু তথ্য উপাত্ত এর ফটোকপি কেবু কর্তৃপক্ষের নিকট পেশ করেছে। কেবুর পক্ষ হতে প্রয়োজনীয় সহযোগিতা/ তদারকির কাজ বলবৎ আছে।
১২.	দেশে বিদ্যমান চিনিকলসমূহে যাতে আখের পাশাপাশি সুগার বিট ব্যবহার করে চিনি উৎপাদন করা যায়, উহার লক্ষ্যে ডুয়েল সিস্টেম মেশিনারি রাখা। মেয়াদ: জুলাই ২০১৩ হতে জুন ২০২১।	২০-০৭-২০১৪ খ্রি.	নির্দেশনা	➢ ঠাকুরগাঁও চিনিকলের পুরাতন যন্ত্রপাতি প্রতিস্থাপন এবং সুগার বিট থেকে চিনি উৎপাদনের প্রয়োজনীয় যন্ত্রপাতি সংযোজন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পটি ৪৮৫৬২.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে পুনঃগঠিত ডিপিপি ২১/০৭/২০১৬খ্রিঃ তারিখের একনেক সভায় অনুমোদিত হয় এবং ০৫/১২/২০১৬ তারিখে পরিকল্পনা মন্ত্রণালয় হতে প্রশাসনিক অনুমোদন পাওয়া যায়। ➢ স্টিয়ারিং কমিটির ৭ম সভার সিদ্ধান্ত অনুসারে ডিপিপি পুনরায় সংশোধনের নির্দেশনার প্রেক্ষিতে স্পেসিফিকেশন পুনঃ পরীক্ষা ও সাম্প্রতিক বাজার দর যাচাই কাজে Bangladesh University of Engineering and Technology (BUET) এর সহায়তা নেয়ার নির্দেশনা মতে ইতোমধ্যে BUET প্রতিনিধি দল প্রকল্প এলাকা পরিদর্শন করেছেন এবং ০৪/১২/২০১৯ তারিখে এ বিষয়ে এক পত্রের মাধ্যমে জানায় যে চাহিত মতে প্রতিবেদন প্রস্তুত করতে প্রায় ৩ মাস সময় প্রয়োজন হবে এবং এতে মোট ব্যয় হবে ২৯,১৯,৭৫০.০০ টাকা যার ৫০% অগ্রিম প্রদান করা হলে BUET কাজ শুরু করবেন। ➢ BUET এর সাথে যোগাযোগ করা ছাড়াও অন্যান্য নির্ভরযোগ্য দেশী-বিদেশী সূত্র থেকে বর্ণিতস্পেসিফিকেশন পুনঃ পরীক্ষা ও সাম্প্রতিক বাজার দর সংগ্রহ করা হয়েছে। বিএসএফআইসি কর্তৃক গঠিত কমিটি সংগ্রহকৃত দর অনুসারে ডিপিপি সংশোধন করে পরবর্তী কার্যক্রমের জন্যশিল্প মন্ত্রণালয়ে ২৪/০২/২০২০ তারিখে প্রেরণ করা হয়েছিল। কিন্তু শিল্প মন্ত্রণালয় হতে পুনরায় ডিপিপির কিছু অংশ সংশোধন করে প্রেরণের জন্য ১১/০৩/২০২০ তারিখে পত্র দিয়ে নির্দেশনা দেয়া হয়। সেমতে পুনরায় ডিপিপি সংশোধন করে ২২/০৩/২০২০ তারিখ শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। পরবর্তীতে ২য় সংশোধিত ডিপিপি'র অনুমোদন প্রক্রিয়াকরণের জন্য গত ০১/০৫/২০২০ তারিখে শিল্প মন্ত্রণালয় থেকে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। ➢ ২০১৯-২০ অর্থবছরে মে ২০২০ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক ব্যয়/ অগ্রগতি: ১৫০৩.৬৬ লক্ষ টাকা (১ম সংশোধিত প্রকল্পের ৩.০৯%)। ভৌত অগ্রগতির হার: ১৭%।
১৩.	শিল্প মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর/ সংস্থার শূন্য পদে জনবল নিয়োগ।	১২-০৪-২০০৯ খ্রি.	নির্দেশনা	➢ বিএসএফআইসি হতে ১১৫৬টি কর্মকর্তা/কর্মচারীর শূন্য পদে নিয়োগ অনুমতি চাওয়ার প্রেক্ষিতে শিল্প মন্ত্রণালয়ের ৩৬৭টি শূন্যপদ পূরণের অনুমতি পাওয়া যায়। ৩৬৭টি পদের মধ্যে ৬৭টি কর্মকর্তা এবং ৩০০টি কর্মচারীর পদ রয়েছে। ০২-০১-২০২০ তারিখ নিয়োগের জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি দেওয়া হলে ৩৭৫২০টি আবেদনপত্র অনলাইনে পাওয়া যায়। যার প্রক্রিয়া চলমান। ➢ এছাড়া সংস্থায় বর্তমানে বিভিন্ন পদমর্যাদায় ২৩১টি পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য শূন্য পদ রয়েছে। যা পূরণের কার্যক্রম চলমান।
১৪.	সরকারি অফিস/ সংস্থায় সরকারি মালিকানাধীন প্রতিষ্ঠান কর্তৃক প্রস্তুতকৃত পণ্য সামগ্রী যথা- জীপগাড়ি, ট্রান্সফরমার, ক্যাবল ও ট্রাক্টর ব্যবহার।	১২-০৪-২০০৯ খ্রি.		➢ চিনিকলে চিনি উৎপাদনে ব্যবহৃত রিফাইন্ড সালফার সরকারি মালিকানাধীন শিল্প প্রতিষ্ঠান টিএসপি কমপ্লেক্স, চট্টগ্রাম থেকে ক্রয় করা হয়। ➢ আখ উৎপাদনে ব্যবহৃত সার বিএডিসি এবং বিসিআইসি থেকে ক্রয় করে চাষীদের মধ্যে বিতরণ করা হয়।পদ্মা অয়েল কোং লিঃ হতে কীটনাশক

ক্র. নং	প্রদত্ত নির্দেশনা	নির্দেশনা প্রদানের সময়	ধরণ	বাস্তবায়ন অগ্রগতি
				ক্রয় করা হয়। ➢ চিনিকলে রক্ষণাবেক্ষণ ও মেরামত কাজে ব্যবহৃত দেশের অভ্যন্তরে প্রাপ্ত যন্ত্রপাতি ও যন্ত্রাংশসমূহ সরকারের নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠান রেণউইক যজ্ঞেশ্বর অ্যান্ড কোং (বিডি) লিঃ, বিটাক (ঢাকা, খুলনা) ও খুলনা শিপইয়ার্ড থেকে তৈরি/মেরামত করা হয়। ➢ নতুন গাড়ি ক্রয়ের ক্ষেত্রে প্রগতি ইন্ডাস্ট্রিজ লি. থেকে গাড়ি ক্রয়ের নির্দেশনা দেয়া আছে এবং সে অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হয়। ➢ BSFIC নিয়ন্ত্রণাধীন চিনিকলসমূহকে সরকারি মালিকানাধীন বিভিন্ন শিল্প প্রতিষ্ঠান হতে মালামাল ক্রয় করার নির্দেশনা দেয়া আছে।
২০.	চিনি আমদানি: বিএসএফআইসি বেসরকারি খাতের পাশাপাশি চিনি আমদানির কার্যক্রম গ্রহণ করবে।	১২-০৪-২০০৯ খ্রি.	নির্দেশনা	➢ ইতিপূর্বে ১.০০লক্ষ (±১০%) মে.টন চিনি আমদানির বিপরীতে ১০৭৭৯২.৭৯০ মে.টন চিনি আমদানি করা হয়। সমুদয় চিনি বিক্রয় করা হয়েছে। ➢ শিল্প মন্ত্রণালয়ের পত্র নং ৩৬.০০.০০০০.০৬৪.১৮.০১৬.১৯-২৫, তারিখ ২৩ জানুয়ারি ২০২০ এর নির্দেশনা অনুযায়ি ১.০০লক্ষ (±১০%) মে.টন চিনি আমদানির নিমিত্ত ২৯.০১.২০২০ তারিখে দরপত্র বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশ করা হয়। ১৪-০৩-২০২০ তারিখে দরপত্র গ্রহণ করা হয়। শিল্প মন্ত্রণালয়ে চিনি ক্রয়ের বিষয়ে পরবর্তী সিদ্ধান্তের জন্য প্রস্তাব পাঠানো হয়েছে। চিনি ক্রয়ের অর্থায়ন, নিশ্চিত না হওয়ায় এবং দরপত্র এর validity period অতিবাহিত হওয়ায়, সকল দরদাতাগন দরপত্র জামানত ফেরত নিয়ে গিয়েছেন।
২১.	চিনিকলে পাওয়ার জেনারেশনের ব্যবস্থা করা। মেয়াদ: ফেব্রুয়ারি ২০১৪ হতে জুন ২০২১।	১২-০৪-২০০৯ খ্রি.	নির্দেশনা	➢ "নর্থবেঙ্গল চিনিকলে কো-জেনারেশন পদ্ধতিতে বিদ্যুৎ উৎপাদন ও সুগার রিফাইনারি স্থাপন" প্রকল্পের প্রজেক্ট ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ডিজাইন কাজের জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ প্রদান করা হয়। ➢ প্রকল্পের যন্ত্রপাতি সংগ্রহ ও স্থাপনের নিমিত্ত EPCঠিকাদার নিয়োগের জন্য ০৩ (তিন) বার আন্তর্জাতিক দরপত্র আহবান করা হলেও কোন রেসপনসিভ দরপত্র পাওয়া যায়নি। ০২-০৮-২০১৮ তারিখের ৪র্থ বার আন্তর্জাতিক দরপত্র আহবানের বিপরীতে রেসপনসিভ দরপত্র পাওয়া গেলেও প্রাপ্ত দর ডিপিপি বরাদ্দ অপেক্ষা প্রায় তিন গুণ বেশি হওয়ায় দরপত্র সমূহ বাতিল করা হয়। পরবর্তীতে স্টিয়ারিং কমিটির ৬ষ্ঠ সভার সিদ্ধান্তক্রমে ১০-০৩-২০১৯ তারিখে ৫ম বার আন্তর্জাতিক দরপত্র আহবান করা হয়। ৫ম বার দরপত্র আহবানের বিপরীতে কারিগরিভাবে রেসপনসিভ দরদাতার Financial Offer টিইসি কর্তৃক উন্মুক্ত করে মূল্যায়ন কাজ সম্পন্ন করা হয়। ০২ (দুইটি) প্যাকেজের জন্য প্রাপ্ত দর ডিপিপি বরাদ্দের প্রায় তিনগুন। মূল্যায়ন প্রতিবেদন সংস্থার বোর্ড সভার সিদ্ধান্তক্রমে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য ২২-০৮-২০১৯ তারিখে শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। প্রকল্পের পরবর্তী করণীয় নির্ধারণের জন্য ০৩-০৯-২০১৯ তারিখে প্রকল্পের স্টিয়ারিং কমিটির ৭ম সভা অনুষ্ঠিত হয়। ➢ স্টিয়ারিং কমিটি'র ৭ম সভার সিদ্ধান্ত অনুসারে ডিপিপি সংশোধনের লক্ষ্যে স্পেসিফিকেশন পুনঃ পরীক্ষা ও সাম্প্রতিক বাজার দর যাচাই কাজে Bangladesh University of Engineering and Technology (BUET) এর সহায়তা নেয়ার নির্দেশনার প্রেক্ষিতে ইতোমধ্যে BUET প্রতিনিধি দল প্রকল্প এলাকা পরিদর্শন করেছেন এবং ০৪/১২/২০১৯ তারিখে এ বিষয়ে এক পত্রের মাধ্যমে জানায় যে চাহিত মতে প্রতিবেদন প্রস্তুত করতে প্রায় ৩ মাস সময় প্রয়োজন হবে এবং এতে মোট ব্যয় হবে ২২,২৫,২৫০.০০ টাকা যার ৫০% অগ্রিম প্রদান করা হলে BUET কাজ শুরু করবেন। ➢ BUET এর সাথে যোগাযোগ করা ছাড়াও অন্যান্য নির্ভরযোগ্য দেশী-বিদেশী সূত্র থেকে বর্নিত স্পেসিফিকেশন পুনঃ পরীক্ষা ও সাম্প্রতিক বাজার দর সংগ্রহ করা হয়েছে। বিএসএফআইসি কর্তৃক গঠিত কমিটি সংগ্রহকৃত দর অনুসারে ডিপিপি সংশোধন করে পরবর্তী কার্যক্রমের জন্য

ক্র. নং	প্রদত্ত নির্দেশনা	নির্দেশনা প্রদানের সময়	ধরণ	বাস্তবায়ন অগ্রগতি
				শিল্প মন্ত্রণালয়ে ২৪/০২/২০২০ তারিখে প্রেরণ করা হয়েছিল। কিন্তু শিল্প মন্ত্রণালয় হতে পুনরায় ডিপিপির কিছু অংশ সংশোধন করে প্রেরণের জন্য ১১/০৩/২০২০ তারিখে পত্র দিয়ে নির্দেশনা দেয়া হয়। সেমতে পুনরায় ডিপিপি সংশোধন করে ২২/০৩/২০২০ তারিখ শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। পরবর্তীতে ২য় সংশোধিত ডিপিপি'র অনুমোদন প্রক্রিয়াকরণের গত ৩০/০৪/২০২০ তারিখে শিল্প মন্ত্রণালয় থেকে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। ➢ ২০১৯-২০ অর্থবছরে মে২০২০ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক ব্যয়/ অগ্রগতি: ৯৭০.১১ লক্ষ টাকা (১ম সংশোধিত প্রকল্পের ২.৯৯%)। ভৌত অগ্রগতির হার: ১৬%।
২২.	র-সুগার আমদানি।	১২-০৪-২০০৯ খ্রি.	নির্দেশনা	➢ "ঠাকুরগাও চিনিকলের পুরাতন যন্ত্রপাতি প্রতিস্থাপন এবং সুগার বিট থেকে চিনি উৎপাদনের প্রয়োজনীয় যন্ত্রপাতি সংযোজন" এবং "নর্থবেঙ্গাল চিনিকলে কো-জেনারেশন পদ্ধতিতে বিদ্যুৎ উৎপাদন ও সুগার রিফাইনারি স্থাপন" শীর্ষক প্রকল্পদ্বয় বাস্তবায়ন সাপেক্ষে বছরে প্রতিটিতে ৪০,০০০ মে.টন বিবেচনায় মোট ৮০,০০০ মে.টন পরিশোধিত চিনি উৎপাদনের পরিকল্পনা রয়েছে।
২৪.	"রুগ্ন শিল্প প্রতিষ্ঠানসমূহের জমি লাভজনক শিল্প প্রতিষ্ঠান স্থাপনের নিমিত্ত ব্যবহার করতে হবে।"	২২ মে ২০১৮ তারিখে অনুষ্ঠেয় একনেক সভায় মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনা।	নির্দেশনা	➢ বিএসএফআইসি'র অধীন কোন রুগ্ন শিল্প প্রতিষ্ঠান নেই। বর্তমানে ১৫টি চিনিকল এবং ১টি ইঞ্জিনিয়ারিং কারখানাসহ মোট ১৬টি শিল্প প্রতিষ্ঠান রয়েছে। তন্মধ্যে কেরু অ্যান্ড কোং (বিডি) লি. এবং রেনউইক, যজ্ঞেশ্বর অ্যান্ড কোং (বিডি) লি. এ প্রতিষ্ঠান দু'টো লাভজনক এবং বাকিগুলো অলাভজনক হিসেবে পরিচালিত হচ্ছে। ➢ এ অলাভজনক প্রতিষ্ঠানসমূহকে লাভজনক করার লক্ষ্যে ডাইভারসিফাইড পণ্য উৎপাদনের নিমিত্ত ঠাকুরগাঁও চিনিকল এবং নর্থবেঙ্গল চিনিকলে ২টি প্রকল্প বাস্তবায়নের পরিকল্পনা আছে। ➢ ০৬-০৬-২০১৮ তারিখে অনুষ্ঠিত ২৩৫৯ তম বোর্ড সভায় 'র' সুগার হতে চিনি উৎপাদনের জন্য পরীক্ষামূলকভাবে ৫টি চিনিকলে রিফাইনারি প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত আছে। ➢ "রাজশাহী চিনিকলে ফল প্রক্রিয়াজাতকরণ ও বোতলজাতকরণ এবং পাল্প প্লান্ট স্থাপন" শীর্ষক প্রকল্প গ্রহণের নিমিত্ত ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরন করা হয়েছে। ➢ কেরু অ্যান্ড কোম্পানীতে একটি আধুনিক অনুজীব ল্যাবরেটরি স্থাপনে প্রকল্প গ্রহণের নিমিত্ত ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরন করা হয়েছে। ➢ ১১টি চিনিকলে রাস্তা সংলগ্ন জমিতে বাণিজ্যিক ভবন নির্মাণে প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত আছে।
২৫.	আখের বিকল্প হিসেবে সুগার বিটের মাধ্যমে চিনি উৎপাদনের উদ্যোগ নিতে হবে। কৃষি মন্ত্রণালয় সুগার বিট বীজ সরবরাহ করবে। সুগার বিটের মাধ্যমে চিনি উৎপাদনের উদ্যোগ নেয়া গেলে চিনিকলগুলি সারা বছর পরিচালনা করা সম্ভব হবে।	২২-০৫-২০১৮ খ্রি.	নির্দেশনা	➢ "ঠাকুরগাও চিনিকলের পুরাতন যন্ত্রপাতি প্রতিস্থাপন এবং সুগার বিট থেকে চিনি উৎপাদনের প্রয়োজনীয় যন্ত্রপাতি সংযোজন" শীর্ষক প্রকল্পে বিট থেকে চিনি উৎপাদনের প্লান্ট সন্নিবেশিত আছে। তাই বণিত প্রকল্প বাস্তবায়ন সাপেক্ষে সুগারবিট থেকে চিনি আহরণের পরিকল্পনা রয়েছে। ➢ বিট চাষ বৃদ্ধির লক্ষ্যে পরীক্ষামূলক ভাবে সুগারবিট চাষ করা হচ্ছে। এ চাষে বীজ সংগ্রহের জন্য বাংলাদেশ সুগারক্রপ রিসার্স ইনস্টিটিউট ঈশ্বরদী, পাবনা এর সাথে যোগাযোগ আছে।